

তারিখ: 19/09/2013

**অনাবাসী ও অধিবাসী কর্তৃক ভারতীয় রুপি (INR) 10,000 সঙ্গে বহন করা: ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের স্পষ্টীকরণ**

সেপ্টেম্বর 16, 2013 তারিখের এ.পি.(ডিআইআর সিরিজ) সার্কুলার নং 45-এ প্রদত্ত নির্দেশ অনুসারে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক অভিবাসন/বহিঃশুল্ক ডেস্ক পেরনোর পরও রুপি অন্যান্য রূপান্তরযোগ্য কারেন্সিতে পাল্টানোর সুবিধা প্রদান করেছে। এই নির্দেশকে মিডিয়ার কয়েকটি অংশ তুলভাবে প্রকাশ করেছেন যে রিজার্ভ ব্যাঙ্ক নতুন বিধিনিষেধ জারি করেছে। এই প্রসঙ্গে রিজার্ভ ব্যাঙ্ক নিম্নোক্ত স্পষ্টীকরণ জারি করেছে:

- 1) কোনও অনাবাসীকে বর্তমানে ভারতীয় কারেন্সি নোট ভারতের সীমান্তের বাইরে নিয়ে যেতে দেওয়া হয় না, যেহেতু ভারতীয় কারেন্সি এখনও পর্যন্ত রূপান্তরযোগ্য নয়। এই অবস্থান অনেক বছর ধরেই রয়েছে এবং তাতে কোন পরিবর্তন আনা হয়নি। এই নিয়ন্ত্রণ এখন পুনর্বিবেচনার অন্তর্গত।
- 2) পূর্বে অনাবাসী ভারতীয়দের ক্ষেত্রে সীমান্ত অতিক্রম করার সময় খরচ না হওয়া ভারতীয় কারেন্সি অভিবাসন/বহিঃশুল্ক ডেস্ক-এ পৌঁছানোর আগেই অন্য কারেন্সিতে রূপান্তর করতে হত।
- 3) রিজার্ভ ব্যাঙ্কের কাছে অনুরোধ আসছিল যে ভারতীয় কারেন্সি শুল্ক-মুক্ত এলাকা পর্যন্ত নিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হোক এবং তদনুসারে বিমানে ওঠার আগে শুল্ক-মুক্ত / নিরাপত্তা এলাকায় টাকা পাল্টানোর ব্যবস্থা রাখা হোক।
- 4) উপরোক্ত অনুরোধের মানে ছিল বিদেশি মুদ্রা বিনিময় ব্যবস্থা আরও উদার করা, যা রিজার্ভ ব্যাঙ্ক তাদের সেপ্টেম্বর 16, 2013 তারিখের সার্কুলার মারফত করেছে। অতএব এই সুবিধা প্রদানকে কোন রূপেই অতিরিক্ত নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে বলে ধরা ভুল।

প্রসঙ্গক্রমে বলা যায় যে রিজার্ভ ব্যাঙ্ক সেপ্টেম্বর 6, 2013 তারিখে এ.পি.(ডিআইআর সিরিজ) সার্কুলার নং 39 জারি করেছে যার দ্বারা ভারতে বসবাসকারী কোনও ব্যক্তি ভারতের বাইরে অথবা সাময়িক ভ্রমণের জন্য ভারতের বাইরে গিয়ে থাকলে (নেপাল ও ভূটান আসা যাওয়া বাদ দিয়ে) ব্যক্তি প্রতি সর্বাধিক ভারতীয় রুপি INR10,000/- নিয়ে যেতে পারেন এবং ভারতে নিয়ে আসতে পারেন; এই সীমা আগে ব্যক্তি প্রতি INR 7,500/- ছিল। এই সীমা বাড়ানোর কারণ হল ভারতে বসবাসকারীরা যাতে বিদেশ ভ্রমণ শেষে ফেরার সময় তাদের ত্রৈমাসিক ব্যক্তিগত খরচ-খরচা যেমন ট্যাক্সি ভাড়া, হোটেলের বিল ইত্যাদি সহজেই মেটাতে পারেন।

(অল্পনা কিল্লাওয়াল)  
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2013-2014/602